# জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং ঃ জাতীঃবিঃ/পনি/মাফা/৯০/২০০২/২০২৩/২০২৬/১০১৯ তারিখঃ ২৩/১২/২০২৫

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩ সালের এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি/এম মিউজ/লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স/আইসিটি শেষ পর্ব (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম আগামী **১১/০১/২০২৬** তারিখ থেকে শুরু হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী এবং অন্যান্য তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পরবর্তীতে প্রকাশ করা হবে। পরীক্ষার ফরম পূরণ ও ফরম পূরণ সংক্রান্ত নিয়মাবলী নিম্নলিখিত ওয়েব লিংকে পাওয়া যাবে।

ওয়েব সাইট: **http://ems.nu.ac.bd/student-login**

১। **আবেদন ফরম পূরণ ও বিবরণী ফরম জমাদানের সময়সূচী/নিয়মাবলী ঃ**

| | | |
|---|---|---|
| ক) | আবেদনকারী পরীক্ষার্থীদের On-line-এ আবেদন ফরম ডাউনলোড করার সময়সীমাঃ | ১১/০১/২০২৬ হতে ২৯/০১/২০২৬ |
| খ) | আবেদন ফরম কলেজ কর্তৃক নিশ্চয়নের শেষ তারিখ ঃ | ০২/০২/২০২৬ |
| গ) | Pay slip সংগ্রহঃ **(বিস্তারিত- ১০(খ ও গ) দ্রষ্টব্য)** | ০৩/০২/২০২৬ হতে ০৪/০২/২০২৬ |
| ঘ) | উল্লিখিত তারিখসমূহে আবেদন ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের অন-লাইনে এন্ট্রিকৃত বিবরণী ফরম, হিসাব বিবরণী ফরম এবং টার্মপেপার, ইনকোর্স ও মাঠকর্ম নম্বরের মূল ম্যানুয়াল কপি ও প্রিন্ট কপির ০১ (এক) কপি বিষয়ওয়ারী আলাদাভাবে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ মহোদয় সংরক্ষণ করবেন। | |

২। **আবেদন ফরম পূরণের নির্ধারিত ফি ঃ**

**সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩ সালের এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি/এম মিউজ/লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স/আইসিটি শেষ পর্ব পরীক্ষায় (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) নিম্নলিখিত ছক অনুযায়ী পরীক্ষার ফি বিশ্ববিদ্যালয়ে সোনালী সেবার মাধ্যমে প্রেরণ করতে হবে:**

| ক্রম | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|
| ১. | তত্ত্বীয় ফি (প্রতি পূর্ণ পত্র) | ৩০০/- |
| ২. | তত্ত্বীয় ফি (প্রতি অর্ধ পত্র) | ২৫০/- |
| ৩. | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র) | ৩০০/- |
| ৪. | মৌখিক পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) | ৩২৫/- |
| ৫. | কেন্দ্র ফি (তত্ত্বীয়)<br>(ক) কলেজে জমা হবে- ১৫০/-<br>(খ) পরীক্ষা কেন্দ্রে জমা হবে- ৩০০/- | ৪৫০/- |
| ৬. | কেন্দ্র ফি (প্রতি পরীক্ষার্থী) ব্যবহারিক (কলেজে জমা হবে) | ২৫০/- |
| ৭. | টার্মপেপার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)-<br>(ক) বিশ্ববিদ্যালয়ে জমা হবে- ১২৫/-<br>(খ) কলেজে জমা হবে- ১৭৫/- | ৩০০/- |
| ৮. | ইনকোর্স পরীক্ষার ফি(প্রতি পরীক্ষার্থীর জন্য)-<br>(ক) বিশ্ববিদ্যালয়ে জমা হবে- ১৫০/-<br>(খ)কলেজে জমা হবে- ৩০০/- | ৪৫০/- |
| ৯. | গ্রেড উন্নয়ন, সিজিপিএ উন্নয়ন এবং অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে (অর্ন্তভূক্তি ফি ৬০০/= টাকা এবং পত্র সংখ্যা অনুযায়ী ফিসহ প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য ফি) | |
| ১০. | থিসিস ফি (অন্যান্য ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী | ১,৭৫০/- |
| ১১. | সাময়িক সনদ ফি (যেসব পরীক্ষার্থী ইতোপূর্বে ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করে নাই বা অকৃতকার্য হয়েছে তাদের ক্ষেত্রে প্রযোজ্য ফি-২০০/-) | ৫০০/- |
| ১২. | ট্রান্সক্রীপ্ট ফি | ৫০০/- |
| ১৩. | আইসিটি ফি (প্রযোজ্য ক্ষেত্রে) (নির্ধারিত) | ১,০০০/- |
| ১৪. | সমাজকর্ম এবং ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিষয়ের মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)<br>(ক) বিশ্ববিদ্যালয়ে জমা হবে-২০০/-<br>(খ) কলেজে জমা হবে- ১,১০০/- | ১,৩০০/- |
| ১৫. | শুধুমাত্র মৌখিক/ ব্যবহারিক/টার্মপেপার/রিসার্চ প্রজেক্ট/ মাঠকর্ম/ থিসিস পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ক্ষেত্রে | ১,০০০/- |
| ১৬. | বিশেষ অন্তর্ভূক্তি ফি | ৫,০০০/- |

**বিঃ দ্রঃ- (১)** আবেদন ফরম পূরণের সময় পরীক্ষার্থীগণ টার্মপেপার ও ইনকোর্স পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মূল ম্যানুয়াল কপি থেকে অন-লাইনে রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে নম্বর এন্ট্রি করার পর প্রিন্ট কপি মূল ম্যানুয়াল কপির সাথে যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল ম্যানুয়াল ও প্রিন্ট কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে সিলগালা করে বিবরণী জমা দেয়ার সময়ই উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাস্টার্স শেষ পর্ব শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।

মূল ম্যানুয়াল কপির বাইরে কোন নম্বর গ্রহণ করা হবে না।

(২) মৌখিক/ ব্যবহারিক/মাঠকর্ম/থিসিস পত্রের নম্বরসমূহ প্রেরণের নির্দেশনা পরবর্তীতে জানানো হবে।

(৩) রেজিঃ কার্ড ও প্রবেশপত্রে উল্লিখিত পত্রকোড ব্যতীত অন্য কোন পত্র কোডে পরীক্ষায় অংশগ্রহণ করলে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে না। এমনকি পরীক্ষার পরে রেজিঃ কার্ড ও প্রবেশপত্রে পত্র কোড কোনভাবেই সংশোধন করা যাবে না।

চলমান পাতা-২

৩। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

ক) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০২৩ সালের প্রাইভেট শিক্ষার্থীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

খ) ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীগণ ২০২১ এবং ২০২২ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০২৩ সালের পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সব পত্র/কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীগণ ২০২১ এবং ২০২২ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২৩ সালের পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) ২০২২ সালের পূর্বে কোন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই এবং ২০২২ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশ নিয়ে যেসকল শিক্ষার্থীগণ এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়েছে সে সকল শিক্ষার্থীগণ রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২৩ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষায় অংশ নিবে।

ঙ) যে সকল পরীক্ষার্থী ২০২২ সালের পরীক্ষায় **CGPA**-এ প্রাপ্ত হয়েছে সে সকল পরীক্ষার্থী **C+, C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ ০২(দুই) টি পত্রে** মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **এ সকল শিক্ষার্থীগণের ইনকোর্স/ব্যবহারিক, টার্মপেপার, মৌখিক পরীক্ষার পূর্ববর্তী বছরের নম্বর বহাল থাকবে।**

৪। এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি/এম মিউজ/আইসিটি/লাইব্রেরী সায়েন্স শেষ বর্ষ পরীক্ষায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক সর্বশেষ প্রণীত চলতি সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৫। **ইনকোর্স ও টার্মপেপার পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

**ক) সকল নিয়মিত পরীক্ষার্থীগণের ক্ষেত্রে ইনকোর্স পরীক্ষার গড় নম্বর এবং উপস্থিতির ভিত্তিতে ৫ নম্বর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে অন-লাইনে এন্ট্রি করতে হবে।**

**খ) প্রাইভেট পরীক্ষার্থীগণের ক্ষেত্রে ২০% ইনকোর্স পরীক্ষার গড় নম্বর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে অন-লাইনে এন্ট্রি করতে হবে।**

**গ) সকল (নিয়মিত ও অনিয়মিত যদি থাকে) পরীক্ষার্থীগণের ক্ষেত্রে কলেজের সংশ্লিষ্ট বিভাগ পরীক্ষার্থীগণের টার্মপেপার নম্বর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে অন-লাইনে এন্ট্রি করতে হবে।**

গ) **ইনকোর্স ও টার্মপেপার পরীক্ষার মূল নম্বর পত্রের (ম্যানুয়েল কপি) ফটোকপি কলেজ সংরক্ষণ করবে এবং মূল কপি (ম্যানুয়েল কপি) ফরম পূরণের বিবরণী ও ফি জমাদানের স্লিপের সাথে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।**

৬। **আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ ঃ**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ফরম পূরণের আবেদন ফরম, সম্ভাব্য পরীক্ষার্থীগণের তালিকা (Probable List), On-line এ ডাটা নিশ্চয়ন করার পর বিষয়ওয়ারী পরীক্ষার্থীগণের বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ ও প্রিন্ট করা যাবে।

৭। **অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) ঃ**

ক) আবেদনকারীকে নিজ দায়িত্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের EMS সফটওয়্যারের ওয়েবসাইট-এ প্রবেশ করে নিজের রেজিষ্ট্রেশন নম্বর দিয়ে Submit বাটনে ক্লিক করে লগইন করতে হবে। লগইন করার পর বাম পাশের ম্যানু বার থেকে Form Fillup ম্যানুতে ক্লিক করে Apply Now বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য যেমনঃ পরীক্ষার বিষয়, মোবাইল নম্বর ইত্যাদি দিয়ে Submit বাটনে ক্লিক করে Pop-Up ম্যানু থেকে Form Fill-up নিশ্চয়নের জন্য YES বাটনে ক্লিক করতে হবে অন্যথায় নিশ্চয়ন না করতে চাইলে CANCEL বাটনে ক্লিক করতে হবে। Form Fill-up নিশ্চয়ন করার পর APPLICATION FORM ডাউনলোড করে প্রিন্ট কপি এবং পরীক্ষার নির্ধারিত ফিসহ স্ব স্ব কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

খ) যেসব বিষয়ে একাধিক বিকল্প কোর্স রয়েছে সেক্ষেত্রে কোর্স নির্বাচনের সময় সঠিক কোর্স নির্বাচন করতে হবে। বিকল্প কোর্সের ক্ষেত্রে ভুল কোর্স নির্বাচন করলে তা সংশোধনের সুযোগ থাকবে না।

৮। **কলেজ কর্তৃক করণীয়ঃ-**

ক) পরীক্ষার্থীগণের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি On-line-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীগণের তালিকা (Probable Candidate List)-এর সাথে যাচাইপূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে College Log-in এ প্রবেশ করে বিভাগীয় প্রধান নিশ্চয়ন করবেন অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log-in এর জন্য ওয়েবসাইটে College Code কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীগণের সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে।

গ) **পরীক্ষার্থীগণ কর্তৃক অন-লাইনে ফরম পূরণকৃত আবেদন কলেজে জমা দিলে কলেজ উক্ত পরীক্ষার্থীর টার্মপেপার, ইনকোর্স (প্রযোজ্য ক্ষেত্রে) নম্বরসহ অন-লাইনে নিশ্চয়ন করবেন। শুধু কলেজ কর্তৃক অন-লাইনে নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে On-line এ পরীক্ষার্থীগণের বিবরণী প্রিন্ট করতে হবে।**

ঘ) **বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।**

৯। **বিবরণী ফরম জমার নিয়মাবলী (কলেজের ক্ষেত্রে)ঃ**

বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে বিষয়ওয়ারী সম্ভাব্য পরীক্ষার্থীগণের তালিকা (Probable Candidate List) প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরম বিষয়ওয়ারী নিয়মিত/অনিয়মিত/গ্রেড উন্নয়ন/প্রাইভেট পরীক্ষার্থীগণের বিবরণী ফরম/আবেদন ফরম মোতাবেক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি On-line এ ডাটা এন্ট্রি করতে হবে। বিবরণী ফরমের তথ্য সঠিকভাবে এন্ট্রি করার পর প্রিন্ট কপি যাচাই করে এন্ট্রিকৃত বিবরণীর সাথে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বিষয়ওয়ারী আলাদা আলাদাভাবে বাঁধাই করে ফলাফল প্রকাশের পর কলেজে সংরক্ষণ করতে হবে। ৪ মাস পর্যন্ত এসব বিবরণী সংরক্ষন করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয় Print কপি প্রেরনের প্রয়োজন নাই।

চলমান পাতা-৩

১০। **বিশ্ববিদ্যালয়ের ফি জমাদানের নিয়মাবলী ঃ**

ক) সংশ্লিষ্ট পরীক্ষার্থীগণের ফি এর সমুদয় অর্থ জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত জমা ফরম উল্লিখিত ওয়েবসাইট থেকে ডাউনলোড করে **সোনালী সেবার** মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের তহবিলে জমা দেয়া যাবে।

খ) সংশ্লিষ্ট কলেজ উল্লিখিত ওয়েব সাইট এ Log-in করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতে হিসাব নম্বর ও উল্লিখিত মোট টাকার অংশের কপি নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে।

গ) **Pay Slip সংগ্রহের জন্য উল্লিখিত তারিখ পর্যন্ত Link active থাকবে। নির্ধারিত সময়ের পর Pay Slip ডাউনলোড করা বা টাকা জমা দেওয়া যাবে না।**

ঘ) সোনালী সেবা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য **জনাব মোঃ হুমায়ুন কবীর, সিস্টেম এনালিস্ট, ই-মেইল-kabir.erp@gmail.com ফোনঃ ০২-০২৯৯৬৬৯১৫৪৭** নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

১১। বিবিধঃ

ক) পরীক্ষার্থীগণের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশ পত্র প্রদর্শন করতে হবে।

খ) **পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত নির্দিষ্ট বিষয়/পত্র কোড ছাড়া অন্য কোন বিষয়/পত্র কোড-এ আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।**

গ) পরীক্ষার সময়সূচী যথাসময়ে সংশ্লিষ্ট কলেজ/কেন্দ্রসমূহে প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

ঘ) পরীক্ষার্থীগণ নিজ নিজ কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না। অধ্যক্ষগণকে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্যে অনুরোধ করা হলো।

ঙ) যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করবে তাদের প্রবেশ পত্র যথাসময়ে **Online** -এ পাওয়া যাবে।

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোনঃ ০২৯৯৬৬৯১৫১৭
ই-মেইল: controller@nu.ac.bd

স্মারক নং ঃ জাতীঃবিঃ/পনি/মাফা/৯০/২০০২/২০২৩/২০২৬/১০১৯ তারিখঃ ২৩/ ১২/২০২৫

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। ডিন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
০২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
০৩। পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
০৪। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
**(বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)**
০৫। পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
**(জাতীয় দৈনিক পত্রিকায় এবং ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞপ্তিটি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)**
০৬। পরিচালক, আঞ্চলিক কেন্দ্র সমন্বয় দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
**(সকল আঞ্চলিক কেন্দ্র-কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)**
০৭। পরিচালক, শৃংখলা ও নিরাপত্তা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
০৮। পরিচালক ও সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
০৯। অধ্যক্ষ, মাস্টার্স পাঠদানকারী কলেজসমূহ;
১০। অতিরিক্ত রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১১। উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ ;
১২। উপ-রেজিস্ট্রার, একাডেমিক (মাস্টার্স ও প্রফেশনাল), জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১৩। উপ-পরিচালক, তথ্য ও সেবা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১৪। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১৫। অফিস কপি।

**মোঃ শিবলুর রহমান**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাস্টার্স শেষ বর্ষ শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোনঃ ০২৯৯৬৬৯১৫৪৭
ই-মেইল: mfnu2015@gmail.com